সরকারি দপ্তরের ওয়েবসাইট নির্দেশিকা, ২০২৬

মুখবন্ধ

প্রশাসনকে আরও জনমুখী করতে এবং নাগরিক সেবা প্রাপ্তিকে সহজতর করার লক্ষ্যে 'জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত নির্দেশিকা ২০২৪' পর্যালোচনাপূর্বক হালনাগাদ করে 'সরকারি দপ্তরের ওয়েবসাইট নির্দেশিকা, ২০২৬' প্রণয়ন করা হয়েছে। এই নতুন নির্দেশিকাটির মূল উদ্দেশ্য হলো সরকারি ওয়েবসাইটসমূহকে অধিকতর ব্যবহারবান্ধব করা এবং হালনাগাদকৃত তথ্যের নিরবচ্ছিন্ন প্রকাশ নিশ্চিত করার মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা।

এই নির্দেশিকার উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো হোমপেজের ১১টি সুনির্দিষ্ট প্যানেল ভিত্তিক বিন্যাস, যা ব্যবহারকারীর অভিজ্ঞতা (UX) সহজীকরণে সহায়ক হবে। আধুনিক প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে এতে AI চালিত ইন্টেলিজেন্ট সার্চ ইঞ্জিন, ভয়েস কমান্ড এবং বাংলা AI চ্যাটবট অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও নাগরিক তথ্যের নিরাপত্তা নিশ্চিতে এটি সাইবার সুরক্ষা আইন ২০২৬ এবং ব্যক্তিগত উপাত্ত সুরক্ষা সংক্রান্ত বিষয়সমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ করা হয়েছে। ওয়ান-স্টপ ডিজিটাল সার্ভিস প্ল্যাটফর্মের মাধ্যমে সকল নাগরিক এখন এক ঠিকানায় প্রয়োজনীয় সকল সেবা ও তথ্যের সর্বশেষ অবস্থা জানতে পারবেন।

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, এই নির্দেশিকা অনুসরণের মাধ্যমে সকল সরকারি দপ্তর তাদের তথ্য ও সেবা প্রদান কার্যক্রমকে আরও মানসম্মত ও গতিশীল করতে সক্ষম হবে। এই নির্দেশিকাটি চূড়ান্ত করতে মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, এটুআই এবং বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের যে সকল কর্মকর্তাগণ নিরলস পরিশ্রম করেছেন, তাঁদের সকলকে আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

২০/০৫/২৬

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

সূচিপত্র

ক্রম	শিরোনাম	পৃষ্ঠা
	মুখবন্ধ	
১.	নাগরিককেন্দ্রিক ফ্রন্ট পেজ ও দপ্তরের অভ্যন্তরীণ কার্যক্রম	১
২.	সিস্টেম ডিজাইন, লে-আউট ও ব্র্যান্ডিং	১
৩.	হোমপেজের লে-আউট ও প্যানেল বিন্যাস	২
৪.	ওয়ান-স্টপ ডিজিটাল সার্ভিস প্ল্যাটফর্ম	২
৫.	তথ্য ব্যবস্থাপনা ও অ্যাক্সেসিবিলিটি	৩
৬.	হালনাগাদ, তদারকি ও মূল্যায়ন	৪
৬.১	হালনাগাদ	৪
৬.২	তদারকি	৫
৬.৩	মূল্যায়ন	৫
৭.	জাতীয় ও আন্তর্জাতিক নীতিমালার সঙ্গে সামঞ্জস্যতা	৫-৬
৮.	বিবিধ	৬
	তফসিল - ১	
(ক)	মন্ত্রণালয়/বিভাগের কনটেন্ট কাঠামো	৭-৯
(খ)	অধিদপ্তর-সংস্থার কনটেন্ট কাঠামো	১০-১২
(গ)	বিভাগীয় পোর্টাল-এর কনটেন্ট কাঠামো	১৩-১৯
(ঘ)	জেলা পোর্টাল-এর কনটেন্ট কাঠামো	২০-২৫
(ঙ)	উপজেলা পোর্টাল-এর কনটেন্ট কাঠামো	২৬-৩০
(চ)	ইউনিয়ন পোর্টাল-এর কনটেন্ট কাঠামো	৩১-৩৪
(ছ)	বিভাগীয় পর্যায়ের সরকারি অফিসের কনটেন্ট কাঠামো	৩৫-৩৬
(জ)	বিভাগীয় পর্যায়ের সরকারি অফিসের কনটেন্ট কাঠামো	৩৭-৩৮
(ঝ)	উপজেলা পর্যায়ের সরকারি অফিসের কনটেন্ট কাঠামো	৩৯-৪০

স্বচ্ছ, জবাবদিহিমূলক, উদ্ভাবনী ও জনমুখী প্রশাসন প্রতিষ্ঠা এবং সরকার ও নাগরিকের মধ্যকার দূরত্ব কমানোর লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগের 'জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত নির্দেশিকা ২০২৪' প্রণয়ন করা হয়। সার্বিক বিষয় পর্যালোচনাপূর্বক সরকারি দপ্তরের ওয়েবসাইটসমূহকে অধিকতর ব্যবহারবান্ধব, নাগরিকবান্ধব এবং হালনাগাদকৃত তথ্যের প্রকাশ নিশ্চিতকরণের নিমিত্ত 'সরকারি দপ্তরের ওয়বসাইট নির্দেশিকা, ২০২৬' নিম্নরূপভাবে প্রণয়ন করা হলো :

১. নাগরিককেন্দ্রিক ফ্রন্ট পেজ ও দপ্তরের অভ্যন্তরীণ কার্যক্রম

(ক) দৃশ্যমান স্থানে তথ্য ও নাগরিক সেবা : সেবাগ্রহীতা, সাধারণ নাগরিক বা অন্য দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রয়োজনীয় তথ্য ও সেবাসমূহ পোর্টালের প্রধান দৃশ্যমান অংশে আবশ্যিকভাবে উপস্থাপন;

(খ) দপ্তরের অভ্যন্তরীণ কার্যক্রম : দপ্তরের অভ্যন্তরীণ কার্যক্রম এবং কর্মকর্তা-কর্মচারীদের জন্য নির্দিষ্ট সরকারি আদেশসমূহ সাধারণ জনগণের জন্য উন্মুক্ত করার ক্ষেত্রে দপ্তরের সিদ্ধান্ত গ্রহণের অপশন সংরক্ষণ; এ ধরনের কোনো ডকুমেন্ট উন্মুক্ত না করার সিদ্ধান্ত গৃহীত হলে সেটি একীভূত ডিজিটাল পরিচিতি (SSO/UIN, যেমন : ডি-নথি আইডি/পোর্টাল আইডি ইত্যাদি) ব্যবহার করে লগইন করার পর সিস্টেমে প্রবেশ করে ডকুমেন্টটি সংগ্রহের সুযোগ তৈরিকরণ;

২. সিস্টেম ডিজাইন, লে-আউট ও ব্র্যান্ডিং

(ক) অভিন্ন সিস্টেম ডিজাইন : সকল সরকারি ওয়েবসাইটের মধ্যে সামঞ্জস্যতা আনয়ন ও অভিন্নতা নিশ্চিতকরণে একটি কেন্দ্রীভূত ডিজাইনের (ইউআই টেমপ্লেট ও ডিজাইন ডোসিয়ার) ব্যবহার;

(খ) মোবাইল ফ্রেন্ডলি অ্যান্ড রেসপনসিভ ডিজাইন : পোর্টালটিকে অবশ্যিকভাবে মোবাইল ফোনসহ সকল ধরনের ডিভাইসে (সকল ধরনের ব্রাউজার, অপারেটিং সিস্টেম এবং স্ক্রিন রেজ্যুলিউশনে) রেসপনসিভকরণ;

(গ) ডিস্ট্রিবিউটেড সাপোর্ট ব্যবস্থা : কোর টেকনলজি ইস্যু ব্যতীত অন্যান্য সকল বিষয় দপ্তরসংস্থার আইটি রিসোর্স দ্বারা সম্পাদন/সমাধান উপযোগী টেকনোলজি ব্যবহার করে সিস্টেম তৈরিকরণ;

(ঘ) সঠিকভাবে লোগো প্রদর্শন : ওয়েবসাইটের হোমপেজে অথবা অ্যাপের হোমস্ক্রিনের উপরের অংশে যথাযথ অনুপাত ও রঙে বাংলাদেশ সরকার এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লোগো সঠিকভাবে প্রদর্শন নিশ্চিতকরণ;

(ঙ) মালিকানাসংক্রান্ত তথ্য প্রদর্শন : পোর্টাল/অ্যাপের হোমপেজ/হোমস্ক্রিন এবং সকল গুরুত্বপূর্ণ প্রবেশ পৃষ্ঠায় মালিকানাসংক্রান্ত তথ্য প্রদর্শন নিশ্চিতকরণ; এবং

(চ) ওয়েবসাইট হালনাগাদের তথ্য প্রদর্শন : ওয়েবসাইট সর্বশেষ হালনাগাদের তারিখ ও সময় প্রত্যেকটি পেজে প্রদর্শন।

৩. হোমপেজের লে-আউট ও প্যানেল বিন্যাস

ব্যবহারকারীর অভিজ্ঞতা (UX) সহজীকরণে হোমপেজকে প্যানেলভিত্তিক উপস্থাপনকরত এআই-চালিত সার্চ ইঞ্জিন, মেনুবার, নাগরিক সেবা, জনগুরুত্বপূর্ণ তথ্য, গ্যালারিসহ নিম্নোক্ত বিষয়াদি অন্তর্ভুক্তকরণ :

(ক) প্রথম প্যানেল : দ্রুত তথ্য খোঁজার জন্য AI-চালিত ইন্টেলিজেন্ট সার্চ ইঞ্জিন এবং নেভিগেশন যুক্ত ব্যানার;

(খ) দ্বিতীয় প্যানেল : দপ্তরসংশ্লিষ্ট বিষয়াদি (তফসিল-১-এ বর্ণিত);

(গ) তৃতীয় প্যানেল : খবর/নোটিশ/অফিস আদেশ/বদলি/প্রজ্ঞাপন/দরপত্র/নিয়োগ বিজ্ঞপ্তি ইত্যাদি;

(ঘ) চতুর্থ প্যানেল : নাগরিকের প্রয়োজনীয় সকল সেবার তালিকা ও তথ্য;

(ঙ) পঞ্চম প্যানেল : নাগরিকদের জন্য প্রয়োজনীয় এবং দপ্তর কর্তৃক প্রকাশযোগ্য তথ্যাদি, (যেমন : প্রকল্প, আইন, বিধি-বিধান, বার্ষিক প্রতিবেদন, বাজেট ইত্যাদি);

(চ) ষষ্ঠ প্যানেল : প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের ছবি ও প্রোফাইল;

(ছ) সপ্তম প্যানেল : স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন দপ্তরসমূহের চাহিদার ভিত্তিতে তৈরিকৃত মডিউলসমূহ;

(জ) অষ্টম প্যানেল : উদ্ভাবনী কার্যক্রম, সরকারি কর্মসম্পাদন ও পরিবীক্ষণ পদ্ধতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ইত্যাদি;

(ঝ) নবম প্যানেল : ফটো/ভিডিও গ্যালারি এবং প্রতিষ্ঠানের সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ারিং অপশন;

(ঞ) দশম প্যানেল : বিভিন্ন গুরুত্বপূর্ণ নম্বর/জরুরি হটলাইন; এবং

(ট) একাদশ প্যানেল : ওয়েবসাইট সম্পর্কে মতামত প্রদানের সুযোগ সৃষ্টি।

৪. ওয়ান-স্টপ ডিজিটাল সার্ভিস প্ল্যাটফর্ম

(ক) ইন্টিগ্রেশন : সকল নাগরিক সেবাসংশ্লিষ্ট সিস্টেমকে API-এর মাধ্যমে ওয়েবসাইটের সঙ্গে পর্যায়ক্রমে যুক্তকরণ;

(খ) ওয়ান স্টপ সার্ভিস : চতুর্থ প্যানেলে উল্লিখিত তালিকার প্রতিটি সেবার বিপরীতে সেবাসম্পর্কিত বিস্তারিত তথ্য, আবেদন ফর্ম, ডিজিটাল সেবার ক্ষেত্রে আবেদন দাখিল/আবেদনের সর্বশেষ অবস্থান নির্ণয়/প্রস্তুতকৃত সেবার ডকুমেন্ট সংগ্রহের ব্যবস্থাকরণ; এবং

(গ) মতামত প্রদান : উল্লিখিত অংশে সেবা সম্পর্কে নাগরিকের মতামত প্রদান এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিযোগ দাখিলের সুযোগ সৃষ্টি ও প্রতিকার সম্পর্কে অবহিতকরণ।

৫. তথ্য ব্যবস্থাপনা ও অ্যাক্সেসিবিলিটি

(ক) ভাষা ও ফন্ট : সকল কনটেন্ট বাংলা ও ইংরেজি উভয় ভাষা এবং ইউনিকোড ফন্টে সহজ, প্রাঞ্জল এবং ত্রুটিমুক্তভাবে উপস্থাপন নিশ্চিতকরণ; এছাড়া কনটেন্ট আপলোডের সময় ভাষা রূপান্তরের জন্য ট্রান্সলেটর এবং স্পেল চেকারের ব্যবস্থাকরণ;

(খ) ডকুমেন্টেশন : ডাউনলোডযোগ্য সকল ফাইলের শিরোনাম, আকার এবং ফরম্যাট স্পষ্টভাবে উপস্থাপন;

(গ) আর্কাইভ : মেয়াদোত্তীর্ণ তথ্য ও ডকুমেন্ট মূলপাতা থেকে সরিয়ে আর্কাইভে স্থানান্তরের ব্যবস্থাকরণ;

(ঘ) কপিরাইটকৃত ডকুমেন্টের উৎস : কপিরাইট দ্বারা সুরক্ষিত যে-কোনো কনটেন্ট প্রকাশের পূর্বে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে প্রয়োজনীয় অনুমতি গ্রহণ এবং যেসকল ডকুমেন্ট সংশ্লিষ্ট দপ্তরের নিজস্ব নয়, সেগুলো আংশিক বা সম্পূর্ণভাবে প্রকাশ করা হলে তার উৎস (ডকুমেন্টের পূর্ণ শিরোনাম, মালিক প্রতিষ্ঠান এবং প্রকাশনার সাল) যথাযথভাবে উপস্থাপন;

(ঙ) প্রকাশযোগ্য তথ্য : তথ্যসেবা নিশ্চিতকরণে নাগরিকের জন্য প্রয়োজনীয় এবং প্রকাশযোগ্য তথ্য বাধ্যতামূলকভাবে উপস্থাপন;

(চ) কর্মকর্তা-কর্মচারীদের প্রোফাইল : কর্মকর্তাদের প্রোফাইলে কর্মকর্তার নাম, পদ, পদবি, পরিচিতি নম্বর (পরিচিতি নম্বর না থাকলে যোগদানের তারিখ), শাখার নাম (একাধিক শাখা থাকলে সেটি উল্লেখপূর্বক), মোবাইল নম্বর ও টেলিফোন নম্বর উপস্থাপন; কর্মচারীদের প্রোফাইলে নাম, পদবি, শাখার নাম এবং মোবাইল নম্বর উপস্থাপন;

(ছ) সচরাচর জিজ্ঞাসা : সংশ্লিষ্ট দপ্তর-সম্পর্কিত FAQ (Frequently Asked Question) সংযোজন;

(জ) অডিট লগ : একটি কেন্দ্রীভূত কনটেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম (CMS) প্রবর্তনের মাধ্যমে অনুমোদন প্রক্রিয়া (approval workflow) ও অডিট লগ সংরক্ষণ নিশ্চিতকরণ;

(ঝ) কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার : পোর্টালকে অধিকতর ব্যবহারবান্ধব করার লক্ষ্যে AI-powered intelligent search, ভয়েস কমান্ড এবং কৃত্রিম বুদ্ধিমত্তাসম্পন্ন বাংলা (AI) চ্যাটবট যুক্তকরণ;

৬. হালনাগাদ, তদারকি ও মূল্যায়ন

৬.১ হালনাগাদ

নিম্নোক্ত পদ্ধতিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক সার্বক্ষণিকভাবে ওয়েবসাইটসমূহের হালনাগাদ নিশ্চিতকরণ :

(ক) মন্ত্রণালয়/বিভাগের ওয়েবসাইট : মন্ত্রণালয়/বিভাগের নিজস্ব আইসিটি কর্মকর্তা/কর্মকর্তাদের মাধ্যমে হালনাগাদকরণ;

(খ) অধিদপ্তর-সংস্থা ওয়েবসাইট : অধিদপ্তর-সংস্থার নিজস্ব আইসিটি কর্মকর্তা/কর্মকর্তাদের মাধ্যমে হালনাগাদকরণ;

(গ) বিভাগীয় পোর্টাল: বিভাগীয় কমিশনারের কার্যালয়ের আইসিটি কর্মকর্তার মাধ্যমে হালনাগাদকরণ এবং আইসিটি অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ প্রদান;

(ঘ) জেলা পোর্টাল: জেলা প্রশাসকের কার্যালয়ের আইসিটি কর্মকর্তার মাধ্যমে হালনাগাদকরণ এবং জেলা পর্যায়ের আইসিটি অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ প্রদান;

(ঙ) উপজেলা পোর্টাল: জেলা প্রশাসকের কার্যালয়ের আইসিটি কর্মকর্তার মাধ্যমে হালনাগাদকরণ এবং উপজেলা পর্যায়ের আইসিটি অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ প্রদান;

(চ) বিভাগীয় পর্যায়ের দপ্তরের ওয়েবসাইট: নিয়ন্ত্রণকারী দপ্তরসংস্থার আইসিটি কর্মকর্তা/কর্মকর্তাদের মাধ্যমে হালনাগাদকরণ এবং আইসিটি অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক কারিগরি সহায়তা ও প্রশিক্ষণ প্রদান;

(ছ) জেলা পর্যায়ের দপ্তরের ওয়েবসাইট: জেলা পর্যায়ের আইসিটি অধিদপ্তরের কর্মকর্তার মাধ্যমে হালনাগাদকরণ ও প্রশিক্ষণ প্রদান;

(জ) উপজেলা পর্যায়ের দপ্তরের ওয়েবসাইট: উপজেলা পর্যায়ের আইসিটি অধিদপ্তরের কর্মকর্তার মাধ্যমে হালনাগাদকরণ ও প্রশিক্ষণ প্রদান; এবং

(ঝ) ইউনিয়ন পোর্টাল: ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের মাধ্যমে হালনাগাদকরণ ও উপজেলা পর্যায়ের আইসিটি অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক কারিগরি সহায়তা এবং প্রশিক্ষণ প্রদান।

৬.২ তদারকি:

প্রত্যেক দপ্তরের সরাসরি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক ওয়েবসাইট হালনাগাদে উপযুক্ত তদারকিমূলক ব্যবস্থা গ্রহণ; চিফ ইনোভেশন অফিসার ও ইনোভেশন অফিসার কর্তৃক যথাক্রমে মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তরসংস্থার অধীন দপ্তরের ওয়েবসাইট হালনাগাদে কার্যকর ব্যবস্থা গ্রহণ; জেলা ও উপজেলা ইনোভেশন অফিসার কর্তৃক সামগ্রিক তদারকি; অন্যান্য দপ্তরের দপ্তর প্রধান কর্তৃক ওয়েবসাইট হালনাগাদে কার্যকর ব্যবস্থা গ্রহণ;

(ক) ড্যাশবোর্ড: সুষ্ঠুভাবে নিজ দপ্তর এবং অধীন দপ্তরসমূহের ওয়েবসাইট তদারকি নিশ্চিতকরণে উপযুক্তসংখ্যক ড্যাশবোর্ডের ব্যবস্থাকরণ;

(খ) প্রতিবেদন :

(অ) বছরে ন্যূনতম ৪ (চার) বার (১৫ এপ্রিল, ১৫ জুলাই, ১৫ অক্টোবর এবং ১৫ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী ৩ মাসের হালনাগাদ প্রতিবেদন) অধিক্ষেত্রের দপ্তরসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণের প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ;

(আ) এসকল প্রতিবেদন পোর্টাল সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুতকরণ এবং প্রেরণের ব্যবস্থাকরণ; এবং

(ই) দপ্তর কর্তৃক উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট হালনাগাদ কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিলের ক্ষেত্রেও একই ধরনের স্বয়ংক্রিয় প্রতিবেদন তৈরির ব্যবস্থা নিশ্চিতকরণ।

৬.৩ মূল্যায়ন

(ক) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রত্যেক প্রকারের ওয়েবসাইট হালনাগাদের মূল্যায়নের ভিত্তি নির্ধারণ এবং সে অনুযায়ী ওয়েবসাইট ব্যবস্থাপনার দায়িত্বে থাকা প্রতিষ্ঠান কর্তৃক প্রতি ৩ (তিন) মাস অন্তর প্রত্যেক প্রকারের ওয়েবসাইটের আওতাধীন দপ্তরসমূহের জন্য সিস্টেম ড্রিভেন প্রতিবেদন প্রকাশ;

(খ) প্রতি ৩ (তিন) মাস অন্তর সচিব, সমন্বয় ও সংস্কার-এর সভাপতিত্বে চিফ ইনোভেশন অফিসারদের নিয়ে ওয়েবসাইট হালনাগাদের অগ্রগতি পর্যালোচনা এবং প্রতি ৬ (ছয়) মাস অন্তর মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে সকল সচিবের সমন্বয়ে গঠিত ই-গভর্ন্যান্স স্টিয়ারিং কমিটিতে সার্বিক অগ্রগতি উপস্থাপন এবং নির্দেশনা গ্রহণ; এবং

(গ) সার্বিক পর্যালোচনার ভিত্তিতে প্রতিবছর আগস্ট মাসে ওয়েবসাইট হালনাগাদ এবং কার্যকারিতা-সম্পর্কিত মন্ত্রণালয়ভিত্তিক ক্রমবিন্যাস প্রকাশ।

৭। জাতীয় ও আন্তর্জাতিক নীতিমালার সঙ্গে সামঞ্জস্যতা

(ক) গুণগতমান: গুণগতমান যথাযথ রেখে ওয়েবসাইটের উন্নয়ন ও ব্যবস্থাপনা নিশ্চিতকরণে Bangladesh National Digital Architecture অথবা এ-সম্পর্কিত সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ নির্দেশনা আবশ্যিকভাবে প্রতিপালন;

(খ) প্রবেশগম্যতা: ওয়েবসাইটের প্রবেশগম্যতা নিশ্চিতকরণে Digital Service and Web Designing Guideline for Inclusive Accessibility 2022 অথবা সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ প্রবেশগম্যতা নীতিমালা আবশ্যিকভাবে প্রতিপালন;

(গ) সাইবার সুরক্ষা: ওয়েবসাইটের সাইবার সুরক্ষা নিশ্চিতকরণে 'সাইবার সুরক্ষা আইন, ২০২৬' অথবা সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ সাইবার সুরক্ষাসম্পর্কিত আইন এবং এর অধীনে প্রণীত নীতি/বিধিমালা আবশ্যিকভাবে প্রতিপালন এবং OWASP এবং Performance SLA অনুসরণ;

(ঘ) সোর্স কোড: সোর্স কোডের সুরক্ষা নিশ্চিতকরণে 'সোর্স কোড নীতিমালা, ২০২৬' অথবা এ-সম্পর্কিত সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ নির্দেশনা আবশ্যিকভাবে প্রতিপালন; এবং

(ঙ) নাগরিক ও দাপ্তরিক তথ্যের সুরক্ষা: নাগরিকের তথ্য সুরক্ষা নিশ্চিতকরণে 'ব্যক্তিগত উপাত্ত সুরক্ষা আইন, ২০২৬' এবং AI যুক্তকরণের ক্ষেত্রে এতৎসংশ্লিষ্ট সরকারের সর্বশেষ নির্দেশনা আবশ্যিকভাবে প্রতিপালন।

৮। বিবিধ:

(ক) জেলা/উপজেলা ব্রান্ডিং: গুরুত্বপূর্ণ দর্শনীয় স্থান (দর্শনীয় স্থানসম্পর্কিত বিস্তারিত তথ্য, যেমন: পরিবহণ, আবাসন, দর্শনীয় স্থান এবং সেখানে যাতায়াতসম্পর্কিত তথ্য, রেস্টুরেন্টসহ অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাদি), জেলার গুরুত্বপূর্ণ পণ্য (পণ্যসম্পর্কিত বিস্তারিত তথ্য) ইত্যাদি জেলা/উপজেলা পোর্টালের দৃশ্যমান স্থানে উপস্থাপন;

(খ) স্বল্প গতির ইন্টারনেটে ওয়েবসাইটের ব্যবহারযোগ্যতা: দুর্গম এলাকাসহ নানাবিধ কারণে স্বল্প গতিসম্পন্ন ইন্টারনেট এর ক্ষেত্রে ব্যবহারকারীরা যেন অসুবিধার সম্মুখীন না হন সেটি নিশ্চিতকরণ;

(গ) সামাজিক যোগাযোগ মাধ্যম: দপ্তরের অফিশিয়াল ফেসবুক এবং ইউটিউব চ্যানেলের কার্যক্রম ওয়েবসাইটে লাইভ ফিড আকারে উপস্থাপনের ব্যবস্থাকরণ;

(ঘ) ভিডিও টিওটোরিয়াল: জনগুরুত্বপূর্ণ বিষয়ে তৈরিকৃত ভিডিও টিওটোরিয়াল ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থাকরণ;

(ঙ) স্পিচ-টু-টেক্সট প্রযুক্তি: বাংলায় ভয়েস কমান্ড ও স্পিচ-টু-টেক্সট প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ;

(চ) প্যানেলের অবস্থান ও থিম পরিবর্তনের সুযোগ: মৌলিক কাঠামো ঠিক রেখে প্যানেলগুলোর স্থান এবং থিম পরিবর্তনের সুযোগ সৃষ্টি;

(ছ) ত্রুটিমুক্তকরণ : ওয়েবসাইট থেকে ব্রোকেন লিংক বা 'Under Construction' পাতা অপসারণ;

(ঝ) ইউনিক লোগো ব্যবহার: একই বিষয়ে ভিন্ন দপ্তরে ভিন্ন লোগো ব্যবহার পরিহারকরণ;

(ঞ) Google Maps integration: যোগাযোগ ও অবস্থান নির্দেশনার ক্ষেত্রে আবশ্যিকভাবে Google Maps integration;

(ট) ইভেন্ট ক্যালেন্ডার: ওয়েবসাইটের দৃশ্যমান অংশে একটি ইভেন্ট ক্যালেন্ডারের মাধ্যমে দপ্তরের বিভিন্ন কার্যক্রম উপস্থাপন; এবং

(ঠ) অধিক অনুসন্ধানকৃত তথ্য/সেবা সম্পর্কে তথ্য প্রদান: ওয়েবসাইটে যেসকল তথ্য এবং সেবা সর্বাধিক অনুসন্ধান করা হয়েছে সেগুলো প্রথম পেজে বিদ্যমান সার্চ ইঞ্জিনের নিচে উপস্থাপন।

তফসিল-১

(ক) মন্ত্রণালয়/বিভাগের কনটেন্ট কাঠামো

দ্বিতীয় প্যানেল

মেনু	সাব-মেনু
মন্ত্রণালয়/বিভাগ পরিচিতি Overview of the Ministry & Division	ইতিহাস - History
	এলোকেশন অব বিজনেস- Allocation of Business
	মিশন ও ভিশন-Mission & Vision
	মন্ত্রী/উপদেষ্টা - Minister/Advisor
	প্রতিমন্ত্রীগণ - State Ministers
	উপমন্ত্রীগণ - Deputy Ministers
	প্রাক্তন মন্ত্রীগণের তালিকা - List of Ex-Ministers
	প্রাক্তন প্রতিমন্ত্রীগণের তালিকা - List of Ex-State Ministers
	প্রাক্তন উপমন্ত্রীগণের তালিকা - List of Ex-Deputy Ministers
	সচিব - Secretary
	প্রাক্তন সচিবগণের তালিকা -List of Ex-Secretaries
	সাংগঠনিক কাঠামো - Organogram
জনবল Manpower	কর্মকর্তাবৃন্দ - Officers
	কর্মবণ্টন - Work Distribution
	তথ্য প্রদানকারী কর্মকর্তা - Information Officer
	অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা - GRS Officer
	আপিল কর্মকর্তা - Appellate Officer
	ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ - Focal Point Officers
মন্ত্রণালয়/বিভাগের সেবাসমূহ Services of Ministries/ Divisions	সেবা প্রদান প্রতিশ্রুতি - Citizen Charter
	অভ্যন্তরীণ ই-সেবাসমূহ - In-House e-Services
মন্ত্রণালয়/বিভাগের কমিটিসমূহ Committees of Ministry/ Division	বিভিন্ন কমিটি - Different Committees
অধীন দপ্তর/অফিস/সংস্থা Affiliated Offices/Institutions	দপ্তর-সংস্থার লিংক - Link of Department Organization
যোগাযোগ Contact	অফিসের ঠিকানা - Office Address (গুগল ম্যাপসহ)

তৃতীয় প্যানেল

খবর/নোটিশ ইত্যাদি	উপস্থাপনের পদ্ধতি
খবর	স্ক্রল
নোটিশ/অফিস আদেশ/বদলি/প্রজ্ঞাপন/দরপত্র/নিয়োগ বিজ্ঞপ্তি	ট্যাব

চতুর্থ প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
নাগরিক সেবা Citizen Service	সেবার নাম	(বিস্তারিত তথ্য)

পঞ্চম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
বিষয়ভিত্তিক তথ্য	বিষয়ের নাম	বিস্তারিত তথ্য
নীতিমালা ও প্রকাশনা	নীতিমালা, আইন ও বিধি, প্রকাশনা	
বার্ষিক প্রতিবেদন	প্রতিবেদনের নাম	
বাজেট	বার্ষিক ক্রয় পরিকল্পনা, বাজেট ও এমটিবিএফ বাজেট, বাজেট প্রতিবেদন	
প্রকল্পসমূহ	চলমান প্রকল্পসমূহ, সমাপ্ত প্রকল্পসমূহ	

ষষ্ঠ প্যানেল

গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের তথ্য	উপস্থাপনের পদ্ধতি
মাননীয় মন্ত্রীর/উপদেষ্টার প্রোফাইল Profile of Hon'ble Minister/Advisor	ছবি, নাম, বিস্তারিত তথ্য
মাননীয় প্রতিমন্ত্রীগণের প্রোফাইল Profile of Hon'ble State Ministers	ঐ
মাননীয় উপমন্ত্রীগণের প্রোফাইল Profile of Hon'ble Deputy Ministers	ঐ
সচিব মহোদয়ের প্রোফাইল Profile of Mr. Secretary	ঐ

সপ্তম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন দপ্তরসমূহের চাহিদার ভিত্তিতে তৈরিকৃত মডিউলসমূহ		

অষ্টম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
অভিযোগ প্রতিকার	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক	
উদ্ভাবনী কার্যক্রম		
সরকারি কর্মসম্পাদন ও পরিবীক্ষণ পদ্ধতি		
তথ্য অধিকার		

নবম প্যানেল

গ্যালারি	উপস্থাপনের পদ্ধতি
ফটো গ্যালারি/ভিডিও গ্যালারি	ট্যাব

দশম প্যানেল

হটলাইন	উপস্থাপনের পদ্ধতি
সরকারি জরুরি হটলাইন	হটলাইনের নাম ও নম্বর

একাদশ প্যানেল

আপনার মতামত	উপস্থাপনের পদ্ধতি
মতামত	ডিজিটাল মাধ্যমে

(খ) অধিদপ্তর-সংস্থার কনটেন্ট কাঠামো

দ্বিতীয় প্যানেল

মেনু	সাব-মেনু
দপ্তর পরিচিতি Overview of the Department	ইতিহাস - History
	কার্যাবলি - Bussiness
	মিশন ও ভিশন - Mission & Vision
	সাংগঠনিক কাঠামো - Organogram
জনবল Manpower	কর্মকর্তাবৃন্দ - Officers
	কর্মবণ্টন - Work Distribution
	তথ্য প্রদানকারী কর্মকর্তা - Information Officer
	অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা - GRS Officer
	আপিল কর্মকর্তা - Appellate Officer
	ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ - Focal Point Officers
সেবাসমূহ Services	সেবা প্রদান প্রতিশ্রুতি - Citizen Charter
	অভ্যন্তরীণ ই-সেবাসমূহ - In-House e-Services
কমিটিসমূহ - Committees	বিভিন্ন কমিটি - Different Committees
অধীন দপ্তর/অফিস Affiliated Offices/Institutions	দপ্তরের লিংক - Link of Offices
যোগাযোগ Contact	অফিসের ঠিকানা - Office Address (গুগল ম্যাপসহ)

তৃতীয় প্যানেল

খবর/নোটিশ ইত্যাদি	উপস্থাপনের পদ্ধতি
খবর	স্ক্রল
নোটিশ/অফিস আদেশ/বদলি/প্রজ্ঞাপন/দরপত্র/নিয়োগ বিজ্ঞপ্তি	ট্যাব

চতুর্থ প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
নাগরিক সেবা Citizen Service	সেবার নাম	বিস্তারিত তথ্য

পঞ্চম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
বিষয়ভিত্তিক তথ্য	বিষয়ের নাম	বিস্তারিত তথ্য
নীতিমালা ও প্রকাশনা	নীতিমালা, আইন ও বিধি, প্রকাশনা	
বার্ষিক প্রতিবেদন	প্রতিবেদনের নাম	
বাজেট	বার্ষিক ক্রয় পরিকল্পনা, বাজেট ও এমটিবিএফ বাজেট, বাজেট প্রতিবেদন	
প্রকল্পসমূহ	চলমান প্রকল্পসমূহ, সমাপ্ত প্রকল্পসমূহ	

ষষ্ঠ প্যানেল

গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের তথ্য	উপস্থাপনের পদ্ধতি
মাননীয় মন্ত্রীর/উপদেষ্টার প্রোফাইল Profile of Hon'ble Minister	ছবি, নাম, বিস্তারিত তথ্য
মাননীয় প্রতিমন্ত্রীর প্রোফাইল Profile of Hon'ble State Minister	ঐ
মাননীয় উপমন্ত্রীর প্রোফাইল Profile of Hon'ble Deputy Minister	ঐ
সচিব মহোদয়ের প্রোফাইল Profile of Mr. Secretary	ঐ
দপ্তর প্রধানের প্রোফাইল Profile of the head of the Department	ঐ

সপ্তম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন দপ্তরসমূহের চাহিদার ভিত্তিতে তৈরিকৃত মডিউলসমূহ		

অষ্টম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
অভিযোগ প্রতিকার	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক	বিস্তারিত তথ্য
উদ্ভাবনী কার্যক্রম		
সরকারি কর্মসম্পাদন ও পরিবীক্ষণ পদ্ধতি		
তথ্য অধিকার		

নবম প্যানেল

গ্যালারি	উপস্থাপনের পদ্ধতি
ফটো গ্যালারি/ভিডিও গ্যালারি	ট্যাব

দশম প্যানেল

হটলাইন	উপস্থাপনের পদ্ধতি
সরকারি জরুরি হটলাইন	হটলাইনের নাম ও নম্বর

একাদশ প্যানেল

আপনার মতামত	উপস্থাপনের পদ্ধতি
মতামত	ডিজিটাল মাধ্যমে

(গ) বিভাগীয় পোর্টাল-এর কনটেন্ট কাঠামো

দ্বিতীয় প্যানেল

মেনু	প্রথম লেভেল	দ্বিতীয় লেভেল
বিভাগীয় প্রশাসন **Divisional Administration**	বিভাগীয় কমিশনার Divisional Commissioner	বার্তা
		প্রোফাইল
		সাধারণ দায়িত্বাবলি
		পূর্বতন কমিশনারগণ
	বিভাগীয় কমিশনারের কার্যালয় Office of the Divisional Commissioner	কমিশনারের কার্যালয়ের পটভূমি
		সাংগঠনিক কাঠামো
	অতিরিক্ত বিভাগীয় কমিশনার/পরিচালক (স্থানীয় সরকার) Add. Divisional Commissioner	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
		অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব)
		অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন)
		অতিরিক্ত বিভাগীয় কমিশনার (শিক্ষা ও আইসিটি)
		পরিচালক (স্থানীয় সরকার)
		উপপরিচালক (স্থানীয় সরকার)
	কর্মকর্তা ও কর্মচারী Officer & Staffs	কর্মকর্তাবৃন্দ
		প্রশাসনিক/উপ-প্রশাসনিক/সহকারী/উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তাবৃন্দ
		কর্মচারীবৃন্দ
		বিশেষ কর্মকর্তা (ইনোভেশন অফিসার/তথ্য প্রদানকারী কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার ইত্যাদি)
	মাঠ প্রশাসনের কর্মকর্তাবৃন্দ Officers of Field Administrations	জেলা প্রশাসকগণ
		উপপরিচালক (স্থানীয় সরকার) গণ
		অতিরিক্ত জেলা প্রশাসকগণ
		উপজেলা নির্বাহী অফিসারগণ
		সিনিয়র সহকারী কমিশনারগণ
		সহকারী কমিশনার (ভূমি) গণ
		সহকারী কমিশনারগণ
	শাখা-সম্পর্কিত About Section	শাখাসমূহ ও কার্যাবলি
		শাখাভিত্তিক নাগরিক সেবার ফর্মসসমূহ
		গার্ড ফাইল

মেনু	প্রথম লেভেল	দ্বিতীয় লেভেল
সরকারি অফিস **Govt. Offices**	আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা বিষয়ক Security & Discipline affairs	উপ-মহাপুলিশ পরিদর্শকের কার্যালয়
		পুলিশ কমিশনারের কার্যালয়
		বিজিবি
		ডিজিএফআই
		র‍্যাব
		ডিআইজি (প্রিজন্স)
		রেঞ্জ রিজার্ভ ফোর্স
		আনসার ও গ্রাম প্রতিরক্ষা কার্যালয়
		ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
		মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
		এনএসআই
	শিক্ষা ও সংস্কৃতি Education & Culture	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
		পরিচালক (মাধ্যমিক শিক্ষা ও উচ্চশিক্ষা)
		উপপরিচালক (মাধ্যমিক শিক্ষা)
		উপপরিচালক (প্রাথমিক শিক্ষা)
		আঞ্চলিক পরিচালক, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
		বিভাগীয় গণ-গ্রন্থাগার
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমী
	কৃষি ও খাদ্য Agriculture & Food	...অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
		বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর
		বিভাগীয় মৎস্য অফিস
		আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
		বিভাগীয় কার্যালয়, পাট অধিদপ্তর
		আঞ্চলিক অফিস (টিসিবি)
		কৃষি বিপণন অধিদপ্তর
		আঞ্চলিক অফিস (বিএডিসি)
	স্বাস্থ্য Health	স্বাস্থ্য পরিচালকের কার্যালয়
		বিভাগীয় কার্যালয়, বিএসটিআই
		বিভাগীয় কার্যালয়, পরিবেশ অধিদপ্তর
		বিভাগীয় কার্যালয়, পরিবার পরিকল্পনা
		জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
		বিভাগীয় কার্যালয়, ঔষধ প্রশাসন অধিদপ্তর

সরকারি অফিস **Govt. Offices**	ভূমি ও রাজস্ব Land & Tax	জোনাল সেটেলমেন্ট অফিস
		উপ-ভূমি সংস্কার কমিশনার
		.....উন্নয়ন কর্তৃপক্ষ
		কর কমিশনার, ... বিভাগ
		কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,..বিভাগ
		বিনিয়োগ বোর্ড, ------ বিভাগ
		আঞ্চলিক অফিস, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
	প্রকৌশল Engineering	বিভাগীয় কার্যালয়, গণপূর্ত বিভাগ
		বিভাগীয় কার্যালয়, সড়ক ও জনপথ
		বিভাগীয় কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
		বিভাগীয় কার্যালয়, পানি উন্নয়ন বোর্ড (পাউবো)
		বিভাগীয় কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
		বিভাগীয় কার্যালয়, এলজিইডি
		বিভাগীয় কার্যালয়, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ICT	বিভাগীয় পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়
		বাংলাদেশ বেতার , ... বিভাগ
		বাংলাদেশ টেলিভিশন,...বিভাগ
		বিটিসিএল বিভাগীয় কার্যালয়
		বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপকের কার্যালয়
		বিআরটিএ বিভাগীয় কার্যালয়
		বিভাগীয় আবহাওয়া কেন্দ্র
		পোস্টাল একাডেমী
		বিভাগীয় তথ্য অফিস
	মানবসম্পদ উন্নয়ন বিষয়ক Human Resource affairs	বিভাগীয় সমাজসেবা কার্যালয়
		বিভাগীয় যুব উন্নয়ন কার্যালয়
		বিভাগীয় কার্যালয়, বিএমইটি
		ইমাম প্রশিক্ষণ একাডেমি, ... বিভাগ
		পিএসসি, ... বিভাগ
		আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
		বিসিক আঞ্চলিক কার্যালয়
		বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
		বিভাগীয় কার্যালয়, বিআরডিবি

সরকারি অফিস **Govt. Offices**	অন্যান্য অফিস Other Offices	বিভাগীয় কার্যালয়, দুর্নীতি দমন কমিশন
		আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার কার্যালয়
		আঞ্চলিক পরিসংখ্যান অফিস
		ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস অফিস
		বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
		আঞ্চলিক পাসপোর্ট অফিস
		বাংলাদেশ বিমান, ... বিভাগ
		বাংলাদেশ ব্যাংক, ... বিভাগ
		কলকারখানা প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
		আঞ্চলিক স্কাউটস অফিস
		জাতীয় সঞ্চয় অফিস
		বিভাগীয় ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়
		রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
		বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
		নগর উন্নয়ন অধিদপ্তর, ... আঞ্চলিক অফিস
		বিভাগীয় শ্রম অধিদপ্তর
		নৃ-ত্বাত্তিক জাদুঘর, ... বিভাগ
স্থানীয় সরকার Local Govt.	সিটি কর্পোরেশন City Corporation	সিটি কর্পোরেশনসমূহের ওয়েবসাইট
	জেলা পরিষদ District Council	জেলা পরিষদসমূহের ওয়েবসাইট (যদি থাকে)

মেনু	প্রথম লেভেল	দ্বিতীয় লেভেল
বিভিন্ন প্রতিষ্ঠান Different Organizations	শিক্ষাপ্রতিষ্ঠান Education institutions	বিশ্ববিদ্যালয়
		প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
		মেডিকেল বিশ্ববিদ্যালয়
		মেডিকেল কলেজ
		কলেজ
		মাধ্যমিক বিদ্যালয়
		নিম্নমাধ্যমিক বিদ্যালয়
		প্রাথমিক বিদ্যালয়
		কারিগরি বিদ্যালয়
		মাদ্রাসা
		ভোকেশনাল ইন্সটিটিউট
		অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান

বিভিন্ন প্রতিষ্ঠান Different Organizations	সংস্থা/সংগঠন Organization and Institutions	গ্রন্থাগারের তালিকা
		বিভাগীয় ক্রীড়া সংস্থা
		রাইফেলস ক্লাব
		রেড ক্রিসেন্ট
		মহিলা ক্রীড়া সংস্থা
		ফুটবল এসোসিয়েশন
	বেসরকারি প্রতিষ্ঠান Private Companies	এনজিও
		ব্যাংক
		বিমা
	ধর্মীয় প্রতিষ্ঠান Religious Institutions	মসজিদ
		মন্দির
		গির্জা
		প্যাগোডা
		ঈদগাহ
		এতিমখানা
		মাজার
		আশ্রম
		কবরস্থান
		শ্মশান

মেনু	সাব-মেনু
সেবাসমূহ Services	সেবা প্রদান প্রতিশ্রুতি - Citizen Charter
	অভ্যন্তরীণ ই-সেবাসমূহ - In-House e-Services
কমিটিসমূহ Committees	বিভিন্ন কমিটি - Different Committees
অধীন দপ্তর Affiliated Offices	দপ্তরের লিংক - Link of Offices
যোগাযোগ Contact	অফিসের ঠিকানা - Office Address (গুগল ম্যাপসহ)

তৃতীয় প্যানেল

খবর/নোটিশ ইত্যাদি	উপস্থাপনের পদ্ধতি
খবর	স্ক্রল
নোটিশ/অফিস আদেশ/বদলি/প্রজ্ঞাপন/দরপত্র/নিয়োগ বিজ্ঞপ্তি	ট্যাব

চতুর্থ প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
নাগরিক সেবা (Citizen Service)	সেবার নাম	বিস্তারিত তথ্য

পঞ্চম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
বিভাগ-সম্পর্কিত **About Division**	বিভাগ পরিচিতি Overview of Division	এক নজরে ..... বিভাগ
		..... বিভাগের পটভূমি
		জেলার তালিকা (ডায়নামিক লিংক থাকবে)
		উপজেলার তালিকা (ডায়নামিক লিংক থাকবে)
		ইউনিয়নের তালিকা (ডায়নামিক লিংক থাকবে)
		মানচিত্রে ..... বিভাগ
	ইতিহাস-ঐতিহ্য History-Culture	বিভাগের ঐতিহ্য
		পুরাকীর্তি-সম্পর্কিত
		মুক্তিযুদ্ধ ও মুক্তিযুদ্ধের ইতিহাস
		প্রখ্যাত ব্যক্তিত্ব
		ভাষা ও সংস্কৃতি
		খেলাধুলা ও বিনোদন
	ভৌগোলিক ও অর্থনৈতিক Geographical & Economics	ভৌগোলিক পরিচিতি
		নদ-নদী
		ব্যবসা-বাণিজ্য
		হাট-বাজার
		যোগাযোগ ব্যবস্থা
	অন্যান্য Miscellaneous	জনপ্রতিনিধি
		পত্র-পত্রিকা

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
বিষয়ভিত্তিক তথ্য	বিষয়ের নাম	বিস্তারিত তথ্য
নীতিমালা ও প্রকাশনা	নীতিমালা, আইন ও বিধি, প্রকাশনা	
বার্ষিক প্রতিবেদন	প্রতিবেদনের নাম	
বাজেট	বার্ষিক ক্রয় পরিকল্পনা	
প্রকল্পসমূহ	চলমান প্রকল্পসমূহ, সমাপ্ত প্রকল্পসমূহ	

ষষ্ঠ প্যানেল

বিভাগীয় কমিশনারের তথ্য	উপস্থাপনের পদ্ধতি
বিভাগীয় কমিশনার	ছবি, নাম, বিস্তারিত তথ্য

সপ্তম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন দপ্তরসমূহের চাহিদার ভিত্তিতে তৈরিকৃত মডিউলসমূহ		

অষ্টম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
অভিযোগ প্রতিকার	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক	বিস্তারিত তথ্য
উদ্ভাবনী কার্যক্রম		
সরকারি কর্মসম্পাদন ও পরিবীক্ষণ পদ্ধতি		
তথ্য অধিকার		

নবম প্যানেল

গ্যালারি	উপস্থাপনের পদ্ধতি
ফটো গ্যালারি/ভিডিও গ্যালারি	ট্যাব

দশম প্যানেল

হটলাইন	উপস্থাপনের পদ্ধতি
সরকারি জরুরি হটলাইন	হটলাইনের নাম ও নম্বর

একাদশ প্যানেল

আপনার মতামত	উপস্থাপনের পদ্ধতি
মতামত	ডিজটাল মাধ্যমে

(ঘ) জেলা পোর্টাল-এর কনটেন্ট কাঠামো

দ্বিতীয় প্যানেল

মেনু	প্রথম লেভেল	দ্বিতীয় লেভেল
জেলা প্রশাসন **District Administration**	জেলা প্রশাসক Deputy Commissioner	বার্তা
		প্রোফাইল
		সাধারণ দায়িত্বাবলি
		পূর্বতন জেলা প্রশাসকবৃন্দ
	জেলা প্রশাসকের কার্যালয় Office Of the Deputy Commissioner	জেলা প্রশাসনের পটভূমি
		সাংগঠনিক কাঠামো
		সার্কিট হাউজ
	উপ-পরিচালক/অতিরিক্ত জেলা প্রশাসক DDLG/ADC	উপপরিচালক (স্থানীয় সরকার)
		অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
		অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
		অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
		অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
		অতিরিক্ত জেলা প্রশাসক (ভূমি অধিগ্রহণ) (যদি থাকে)
		অতিরিক্ত জেলা প্রশাসক (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) (যদি থাকে)
	কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ Officers & Staffs	জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ
		উপজেলা নির্বাহী অফিসারবৃন্দ
		সহকারী কমিশনার (ভূমি) বৃন্দ
		জেলা প্রশাসনের কর্মচারীবৃন্দ
		(বিশেষ কর্মকর্তা) তথ্য প্রদানকারী কর্মকর্তা ইত্যাদি
	শাখা-সম্পর্কিত About Section	শাখাসমূহ ও কার্যাবলি
		শাখাভিত্তিক নাগরিক সেবার ফর্মসসমূহ
		গার্ড ফাইল

সরকারি অফিস **Govt. Offices**	আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা বিষয়ক Security & Discipline affairs	পুলিশ সুপারের কার্যালয়
		বিজিবি
		র‍্যাব (যদি থাকে)
		আনসার ও গ্রাম প্রতিরক্ষা কার্যালয়
		ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
		জেলা কার্যালয়, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
		জেলা কারাগার
	শিক্ষা ও সংস্কৃতি Education & Culture	জেলা প্রাথমিক শিক্ষা অফিস
		জেলা শিক্ষা অফিস
		জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
		জেলা শিল্পকলা একাডেমি
		শিশু একাডেমি
		জেলা ক্রীড়া অফিস
	কৃষি ও খাদ্য Agriculture & Food	জেলা কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
		জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
		জেলা মৎস্য অফিস
		জেলা প্রাণিসম্পদ অফিস
		জেলা কার্যালয়, পাট অধিদপ্তর
		জেলা বী জ বিপণন কার্যালয়
		জেলা কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর
	স্বাস্থ্য Health	সিভিল সার্জনের কার্যালয়
		জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
	ভূমি ও রাজস্ব Land & Tax	কর কমিশনারের কার্যালয়
		জেলা রেজিস্ট্রারের কার্যালয়
		জেলা কাস্টমস, আবগারি ও ভ্যাট অফিস
		আমদানি ও রপ্তানি সহকারী নিয়ন্ত্রকের দপ্তর
	প্রকৌশল Engineering	উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত অধিদপ্তর
		উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, সওজ
		নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি
		উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, পাউবো
		বিক্রয় ও বিতরণ বিভাগীয় কার্যালয়, পিডিবি
		উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, ডিপিএইচই
		উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
		পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস

সরকারি অফিস **Govt. Offices**	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ICT	স্টেশন মাস্টারের কার্যালয়
		জেলা বিআরটিএ কার্যালয়
		জেলা পোস্ট অফিস
		জেলা বিটিসিএল কার্যালয়
		জেলা তথ্য অফিস
	মানবসম্পদ উন্নয়ন বিষয়ক Human Resource affairs	জেলা সমাজসেবা কার্যালয়
		জেলা যুব উন্নয়ন অধিদপ্তর কার্যালয়
		জেলা কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর
		জেলা কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
		জেলা সমবায় কার্যালয়
		জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস
		জেলা ইসলামিক ফাউন্ডেশন কার্যালয়
		সহকারি শ্রম পরিচালকের কার্যালয়
	অন্যান্য অফিস Other Offices	জেলা কার্যালয়, দুর্নীতি দমন কমিশন
		জেলা সঞ্চয় অফিস
		জেলা হিসাবরক্ষণ অফিস
		জেলা নির্বাচন অফিস
		আঞ্চলিক পাসপোর্ট অফিস
		আঞ্চলিক পরিসংখ্যান অফিস
		বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়
স্থানীয় সরকার **Local Govt.**	জেলা পরিষদ District Council	জেলা পরিষদের ওয়েবসাইট (যদি থাকে)
	পৌরসভা Municipality	পৌরসভাসমূহের ওয়েবসাইট (যদি থাকে)
	উপজেলা পরিষদ Upazila Council	উপজেলা পরিষদসমূহের ওয়েবসাইট (যদি থাকে)
	ইউনিয়ন পরিষদ Union Council	ইউনিয়ন পরিষদসমূহের ওয়েবসাইট

বিভিন্ন প্রতিষ্ঠান **Different Organizations**	শিক্ষা প্রতিষ্ঠান Education institutions	বিশ্ববিদ্যালয়
		মেডিকেল কলেজ
		কলেজ
		মাধ্যমিক বিদ্যালয়
		নিম্নমাধ্যমিক বিদ্যালয়
		প্রাথমিক বিদ্যালয়
		কারিগরি বিদ্যালয়
		মাদ্রাসা
		ভোকেশনাল ইন্সটিটিউট
		অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান
	সংস্থা/সংগঠন Organization and Institutions	গ্রন্থাগারের তালিকা
		জেলা ক্রীড়া সংস্থা
		রাইফেলস ক্লাব
		রেড ক্রিসেন্ট
		মহিলা ক্রীড়া সংস্থা
		ফুটবল এসোসিয়েশন
	বেসরকারি প্রতিষ্ঠান Private Companies	এনজিও
		ব্যাংক
		বিমা
	ধর্মীয় প্রতিষ্ঠান Religious Institutions	মসজিদ
		মন্দির
		গির্জা
		প্যাগোডা
		ঈদগাহ
		এতিমখানা
		মাজার
		আশ্রম
		কবরস্থান
		শ্মশান

মেনু	সাব-মেনু
সেবাসমূহ Services	সেবা প্রদান প্রতিশ্রুতি - Citizen Charter
	অভ্যন্তরীণ ই-সেবাসমূহ - In-House e-Services
কমিটিসমূহ Committees	বিভিন্ন কমিটি - Different Committees
অধীন দপ্তর Affiliated Offices	দপ্তরের লিংক - Link of Offices
যোগাযোগ - Contact	অফিসের ঠিকানা - Office Address (গুগল ম্যাপসহ)

তৃতীয় প্যানেল

খবর/নোটিশ ইত্যাদি	উপস্থাপনের পদ্ধতি
খবর	স্ক্রল
নোটিশ/অফিস আদেশ/বদলি/প্রজ্ঞাপন/দরপত্র/নিয়োগ বিজ্ঞপ্তি	ট্যাব

চতুর্থ প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
নাগরিক সেবা - Citizen Service	সেবার নাম	বিস্তারিত তথ্য

পঞ্চম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
জেলা-সম্পর্কিত **About District**	জেলা পরিচিতি About District	এক নজরে... জেলা
		...জেলার পটভূমি
		উপজেলার তালিকা
		ইউনিয়নের তালিকা
		মানচিত্রে জেলা
	ইতিহাস-ঐতিহ্য History-Culture	জেলার ঐতিহ্য
		বিশেষ অর্জন
		পুরাকীর্তি-সম্পর্কিত
		প্রখ্যাত ব্যক্তিত্ব
		ভাষা ও সংস্কৃতি
		খেলাধুলা ও বিনোদন
	ভৌগোলিক ও অর্থনৈতিক Geographical & Economics	ভৌগোলিক পরিচিতি
		নদ-নদী
		ব্যবসা-বাণিজ্য
		হাট-বাজার
		যোগাযোগ ব্যবস্থা

জেলা-সম্পর্কিত **About District**	অন্যান্য - Miscellaneous	জনপ্রতিনিধি
		পত্র-পত্রিকা

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
বিষয়ভিত্তিক তথ্য	বিষয়ের নাম	বিস্তারিত তথ্য
নীতিমালা ও প্রকাশনা	নীতিমালা, আইন ও বিধি, প্রকাশনা	
বার্ষিক প্রতিবেদন	প্রতিবেদনের নাম	
বাজেট	বার্ষিক ক্রয় পরিকল্পনা	
প্রকল্পসমূহ	চলমান প্রকল্পসমূহ, সমাপ্ত প্রকল্পসমূহ	

ষষ্ঠ প্যানেল

জেলা প্রশাসকের তথ্য	উপস্থাপনের পদ্ধতি
জেলা প্রশাসক	ছবি, নাম, বিস্তারিত তথ্য

সপ্তম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
জেলা ব্রান্ডিং	গুরুত্বপূর্ণ দর্শনীয় স্থান, জেলার গুরুত্বপূর্ণ পণ্য ইত্যাদি	বিস্তারিত তথ্য

অষ্টম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
অভিযোগ প্রতিকার	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক	বিস্তারিত তথ্য
উদ্ভাবনী কার্যক্রম		
সরকারি কর্মসম্পাদন ও পরিবীক্ষণ পদ্ধতি		
তথ্য অধিকার		

নবম প্যানেল

গ্যালারি	উপস্থাপনের পদ্ধতি
ফটো গ্যালারি/ভিডিও গ্যালারি	ট্যাব

দশম প্যানেল

হটলাইন	উপস্থাপনের পদ্ধতি
সরকারি জরুরি হটলাইন	হটলাইনের নাম ও নম্বর

একাদশ প্যানেল

আপনার মতামত	উপস্থাপনের পদ্ধতি
মতামত	ডিজিটাল মাধ্যমে

(ঙ) উপজেলা পোর্টাল-এর কনটেন্ট কাঠামো

দ্বিতীয় প্যানেল

মেনু	প্রথম লেভেল	দ্বিতীয় লেভেল
উপজেলা প্রশাসন Upazila Administration	উপজেলা নির্বাহী অফিসার Upazilla Nirbahi Officer	বার্তা
		প্রোফাইল
		সাধারণ দায়িত্বাবলি
		পূর্বতন উপজেলা নির্বাহী অফিসারগণ
	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় UNO Office	উপজেলা প্রশাসনের পটভূমি
		সাংগঠনিক কাঠামো
		কর্মচারীবৃন্দ
		শাখাসমূহ ও কার্যাবলি
		শাখাভিত্তিক নাগরিক সেবার ফর্মসসমূহ
		গার্ড ফাইল

উপজেলা পরিষদ Upzila Parishad	--------	উপজেলা পরিষদ চেয়ারম্যান
		ভাইস-চেয়ারম্যান
		মহিলা ভাইস-চেয়ারম্যান
		পূর্বতন উপজেলা পরিষদ চেয়ারম্যানবৃন্দ
		কর্মচারীবৃন্দ
		কার্যাবলি

পৌরসভা Municipality	--------	এক নজরে পৌরসভা
		মেয়র
		প্রধান নিবার্হী কর্মকর্তা
		কাউন্সিলরগণ
		কর্মকর্তাবৃন্দ
		কর্মচারীবৃন্দ
		ওয়ার্ডসমূহ
		সিটিজেন চার্টার

মেনু	প্রথম লেভেল	দ্বিতীয় লেভেল
সরকারি অফিস **Govt. Offices**	আইন-শৃঙ্খলা ও নিরাপত্তা বিষয়ক Security & Discipline affairs	থানা
		উপজেলা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস
		উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়
	শিক্ষা ও সংস্কৃতি Education & Culture	উপজেলা শিক্ষা অফিস
		উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
		উপজেলা একাডেমিক সুপারভাইজার
		উপজেলা রির্সোস সেন্টার
		উপজেলা আইসিটি ট্রেনিং অ্যান্ড রিসোর্স ফর এডুকেশন
	কৃষি ও খাদ্য Agriculture & Food	উপজেলা কৃষি অফিস
		উপজেলা মৎস্য অফিস
		উপজেলা প্রাণিসম্পদ অফিস
		উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
	স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক Health & Environment	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
		উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
		উপজেলা বন কর্মকর্তার কার্যালয়
	ভূমি ও রাজস্ব Land & Tax	উপজেলা ভূমি অফিস
		সাব-রেজিস্ট্রার অফিস
		উপজেলা সেটেলমেন্ট অফিস
	প্রকৌশল এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি Engineering & ICT	উপজেলা প্রকৌশলীর কার্যালয়
		উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়, ডিপিএইচই
		উপজেলা শিক্ষা প্রকৌশল কার্যালয়
		প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়
		উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিস
		জোনাল অফিস, পল্লী বিদ্যুৎ সমিতি
	মানবসম্পদ উন্নয়ন বিষয়ক Human Resource affairs	উপজেলা সমাজ সেবা অফিস
		উপজেলা যুব উন্নয়ন অফিস
		উপজেলা সমবায় অফিস
		উপজেলা মহিলা বিষয়ক অফিস
		উপজেলা পল্লী উন্নয়ন অফিস
		উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক কার্যালয়
		উপজেলা পল্লী জীবিকায়ন প্রকল্প অফিস
		উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কার্যালয়
	অন্যান্য অফিস Other Offices	উপজেলা পরিসংখ্যান অফিস
		উপজেলা হিসাবরক্ষণ অফিস
		উপজেলা নির্বাচন অফিস
		উপজেলা পোস্ট অফিস

মেনু	প্রথম লেভেল	দ্বিতীয় লেভেল
বিভিন্ন প্রতিষ্ঠান Different Organizations	শিক্ষা প্রতিষ্ঠান Education institutions	কলেজ
		মাধ্যমিক বিদ্যালয়
		নিম্নমাধ্যমিক বিদ্যালয়
		কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান
		প্রাথমিক বিদ্যালয়
		মাদ্রাসা
		ভোকেশনাল ইন্সটিটিউট
		অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান
	সংস্থা/সংগঠন Organization and Institutions	গ্রন্থাগারের তালিকা
		জেলা ক্রীড়া সংস্থা
		রাইফেলস ক্লাব
		রেড ক্রিসেন্ট
		মহিলা ক্রীড়া সংস্থা
		ফুটবল এসোসিয়েশন
	বেসরকারি প্রতিষ্ঠান Private Companies	এনজিও
		ব্যাংক
		বিমা
		গ্রন্থাগার
	ধর্মীয় প্রতিষ্ঠান Religious Institutions	মসজিদ
		মন্দির
		গির্জা
		প্যাগোডা
		ঈদগাহ
		এতিমখানা
		মাজার
		আশ্রম
		কবরস্থান
		শ্মশান

মেনু	সাব-মেনু
সেবাসমূহ Services	সেবা প্রদান প্রতিশ্রুতি—Citizen Charter
	অভ্যন্তরীণ ই-সেবাসমূহ—In-House e-Services
কমিটিসমূহ Committees	বিভিন্ন কমিটি—Different Committees
যোগাযোগ Contact	অফিসের ঠিকানা—Office Address (গুগল ম্যাপসহ)

তৃতীয় প্যানেল

খবর/নোটিশ ইত্যাদি	উপস্থাপনের পদ্ধতি
খবর	স্ক্রল
নোটিশ/অফিস আদেশ/বদলি/প্রজ্ঞাপন/দরপত্র/নিয়োগ বিজ্ঞপ্তি	ট্যাব

চতুর্থ প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
নাগরিক সেবা Citizen Service	সেবার নাম	বিস্তারিত তথ্য

পঞ্চম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
উপজেলা-সম্পর্কিত **About Upazila**	উপজেলা পরিচিতি Overview of Upazila	এক নজরে ...
		উপজেলার পটভূমি
		ইউনিয়নসমূহ
		মানচিত্রে উপজেলা
	ইতিহাস-ঐতিহ্য History-Culture	উপজেলার ঐতিহ্য
		পুরাকীর্তি-সম্পর্কিত
		প্রখ্যাত ব্যক্তিত্ব
		খেলাধুলা ও বিনোদন
	ভৌগোলিক ও অর্থনৈতিক Geographical & Economics	ভৌগোলিক পরিচিতি
		নদ-নদী
		ব্যবসা-বাণিজ্য
		হাট-বাজার
		যোগাযোগ ব্যবস্থা
	অন্যান্য Miscellaneous	জনপ্রতিনিধি
		পত্র-পত্রিকা

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
বিষয়ভিত্তিক তথ্য	বিষয়ের নাম	বিস্তারিত তথ্য
নীতিমালা ও প্রকাশনা	নীতিমালা, আইন ও বিধি, প্রকাশনা	
বার্ষিক প্রতিবেদন	প্রতিবেদনের নাম	
বাজেট	বার্ষিক ক্রয় পরিকল্পনা	
প্রকল্পসমূহ	চলমান প্রকল্পসমূহ, সমাপ্ত প্রকল্পসমূহ	

ষষ্ঠ প্যানেল

উপজেলা নির্বাহী অফিসারের তথ্য	উপস্থাপনের পদ্ধতি
উপজেলা নির্বাহী অফিসার	ছবি, নাম, বিস্তারিত তথ্য

সপ্তম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
উপজেলা ব্রান্ডিং	গুরুত্বপূর্ণ দর্শনীয় স্থান, উপজেলার গুরুত্বপূর্ণ পণ্য ইত্যাদি	বিস্তারিত তথ্য

অষ্টম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
অভিযোগ প্রতিকার	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক	বিস্তারিত তথ্য
উদ্ভাবনী কার্যক্রম		
সরকারি কর্মসম্পাদন ও পরিবীক্ষণ পদ্ধতি		
তথ্য অধিকার		

নবম প্যানেল

গ্যালারি	উপস্থাপনের পদ্ধতি
ফটো গ্যালারি/ভিডিও গ্যালারি	ট্যাব

দশম প্যানেল

হটলাইন	উপস্থাপনের পদ্ধতি
সরকারি জরুরি হটলাইন	হটলাইনের নাম ও নম্বর

একাদশ প্যানেল

আপনার মতামত	উপস্থাপনের পদ্ধতি
মতামত	ডিজিটাল মাধ্যমে

(চ) ইউনিয়ন পোর্টাল-এর কনটেন্ট কাঠামো

দ্বিতীয় প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
ইউনিয়ন পরিষদ Union Council	ইউনিয়ন পরিষদ Union Council	ইউপি চেয়ারম্যান
		বর্তমান পরিষদ
		সাংগঠনিক কাঠামো
		প্রাক্তন চেয়ারম্যানবৃন্দ
		ইউপি সচিব
		গ্রাম-পুলিশ
	ইউনিয়ন পরিষদ কার্যক্রম Activities of Union Council	ইউনিয়ন পরিষদের কার্যাবলি
		সিটিজেন চার্টার
	গ্রাম আদালত Village Adalat	পূর্ববর্তী অর্থবছরের কার্যক্রমের চিত্র
		চলমান অর্থবছরের কার্যক্রমের চিত্র (মাসওয়ারি)
	গুরুত্বপূর্ণ তথ্য Important Info.	পঞ্চবার্ষিকী পরিকল্পনা
		মাসিক সভা ও সিদ্ধান্তসমূহ
		বাজেট
		ব্যয়ের খাত
প্রতিষ্ঠান Institutions	শিক্ষাপ্রতিষ্ঠান Educational Institutions	কলেজ (যদি থাকে)
		মাধ্যমিক বিদ্যালয়
		নিম্নমাধ্যমিক বিদ্যালয়
		কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান
		প্রাথমিক বিদ্যালয়
		মাদ্রাসা
		অন্যান্য শিক্ষাপ্রতিষ্ঠান
	বেসরকারি প্রতিষ্ঠান Non-Gov. Org.	এনজিও
		ব্যাংক
		বিমা
	ধর্মীয় প্রতিষ্ঠান Religious Organizations	মসজিদ
		মন্দির
		গির্জা
		প্যাগোডা
		ঈদগাহ

প্রতিষ্ঠান Institutions	ধর্মীয় প্রতিষ্ঠান Religious Organizations	এতিমখানা
		মাজার
		আশ্রম
		কবরস্থান
		শ্মশান
	সংগঠন Organizations	ক্রীড়া সংগঠন
		সাংস্কৃতিক সংগঠন

মেনু	সাব-মেনু
সেবাসমূহ - Services	সেবা প্রদান প্রতিশ্রুতি—Citizen Charter
কমিটিসমূহ - Committees	বিভিন্ন কমিটি—Different Committees
যোগাযোগ - Contact	অফিসের ঠিকানা—Office Address (গুগল ম্যাপসহ)

চতুর্থ প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
ডিজিটাল সেবা Digital Service	ইউডিসি	উদ্যোক্তার প্রোফাইল, সেবার তালিকা ও মূল্য, অবস্থান
	সার্ভিস এজেন্ট	এজেন্টের প্রোফাইল, সেবার তালিকা, অবস্থান
কৃষি ও প্রাণিসম্পদ সেবা Agriculture & Livestock Service	উপ-সহকারী কৃষি কর্মকর্তার দপ্তর	উপ-সহকারী কৃষি কর্মকর্তার প্রোফাইল, সেবার তালিকা, অবস্থান
	সার ডিলার	প্রোফাইল, অধিক্ষেত্র, অবস্থান
	কৃত্রিম প্রজনন কেন্দ্র	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির প্রোফাইল, সেবার তালিকা, অবস্থান
ভূমি সেবা Land Service	ইউনিয়ন ভূমি অফিস	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার প্রোফাইল, সেবার তালিকা, অবস্থান
স্বাস্থ্য সেবা Health Services	ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র	ইউনিয়ন স্বাস্থ্য কর্মীর প্রোফাইল, সেবার তালিকা, অবস্থান
	পরিবার পরিকল্পনা	পরিবার পরিকল্পনাকর্মীর প্রোফাইল, সেবার তালিকা, অবস্থান

পঞ্চম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
ইউনিয়ন-সম্পর্কিত About Union	ইউনিয়ন পরিচিতি Overview of the Union	এক নজরে...ইউনিয়ন
		ওয়ার্ডভিত্তিক লোকসংখ্যা
		গ্রামসমূহের তালিকা
		যোগাযোগ ব্যবস্থা
	ভৌগোলিক ও অর্থনৈতিক Geographical & Economic	মানচিত্রে ইউনিয়ন
		ভৌগোলিক অবস্থান
		খাল ও নদী
		হাট-বাজার
	অন্যান্য Miscellaneous	প্রখ্যাত ব্যক্তিত্ব
		দর্শনীয় স্থান
সুবিধাভোগীদের তালিকা List of Beneficiaries	ফ্যামিলি কার্ড	
	কৃষক কার্ড	
	অন্যান্য কার্ড	
	হতদরিদ্রের তালিকা	
	ভিজিএফ	
	মাতৃত্বকালীন ভাতা	
	ভিজিডি	
	বিধবা ভাতা	
	বয়স্ক ভাতা	
	প্রতিবন্ধী ভাতা	
প্রকল্পসমূহ Projects	কাবিখা	
	কাবিটা	
	টিআর	
	এলজিএসপি	
	গ্রামীণ রাস্তায় কালভার্ট নির্মাণ	
	অন্যান্য প্রকল্প	

ষষ্ঠ প্যানেল

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের তথ্য	উপস্থাপনের পদ্ধতি
ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	ছবি, নাম, বিস্তারিত তথ্য

নবম প্যানেল

গ্যালারি	উপস্থাপনের পদ্ধতি
ফটো গ্যালারি/ভিডিও গ্যালারি	ট্যাব

দশম প্যানেল

হটলাইন	উপস্থাপনের পদ্ধতি
সরকারি জরুরি হটলাইন	হটলাইনের নাম ও নম্বর

একাদশ প্যানেল

আপনার মতামত	উপস্থাপনের পদ্ধতি
মতামত	ডিজিটাল মাধ্যমে

(ছ) বিভাগীয় পর্যায়ের সরকারি অফিসের কনটেন্ট কাঠামো

দ্বিতীয় প্যানেল

মেনু	প্রথম লেভেল	দ্বিতীয় লেভেল
আমাদের সম্পর্কে About us	দপ্তর প্রধান Head of the Office	বার্তা
		প্রোফাইল
		সাধারণ দায়িত্বাবলি
		পূর্বতন দপ্তর প্রধানগণ
	...এর কার্যালয় Office of the...	...কার্যালয়ের পটভূমি
		সাংগঠনিক কাঠামো
	কর্মকর্তা ও কর্মচারী Officer & Staffs	কর্মকর্তাবৃন্দ
		কর্মচারীবৃন্দ
		তথ্য প্রদানকারী কর্মকর্তা ইত্যাদি
		জেলা অফিসের কর্মকর্তাগণ
		উপজেলা অফিসের কর্মকর্তাগণ
	শাখা-সম্পর্কিত About Section	শাখাসমূহ ও কার্যাবলি
		শাখাভিত্তিক নাগরিক সেবার ফর্মসমূহ
		গার্ড ফাইল

মেনু	সাব-মেনু
সেবাসমূহ - Services	সেবা প্রদান প্রতিশ্রুতি—Citizen Charter
	অভ্যন্তরীণ ই-সেবাসমূহ—In-House e-Services
কমিটিসমূহ - Committees	বিভিন্ন কমিটি—Different Committees
অধীন দপ্তর - Affiliated Offices	দপ্তরের লিংক—Link of Departments
যোগাযোগ - Contact	অফিসের ঠিকানা—Office Address (গুগল ম্যাপসহ)

তৃতীয় প্যানেল

খবর/নোটিশ ইত্যাদি	উপস্থাপনের পদ্ধতি
খবর	স্ক্রল
নোটিশ/অফিস আদেশ/বদলি/প্রজ্ঞাপন/দরপত্র/নিয়োগ বিজ্ঞপ্তি	ট্যাব

চতুর্থ প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
নাগরিক সেবা - Citizen Service	সেবার নাম	বিস্তারিত তথ্য

পঞ্চম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
বিষয়ভিত্তিক তথ্য	বিষয়ের নাম	বিস্তারিত তথ্য
নীতিমালা ও প্রকাশনা	নীতিমালা, আইন ও বিধি, প্রকাশনা	
বার্ষিক প্রতিবেদন	প্রতিবেদনের নাম	
বাজেট	বার্ষিক ক্রয় পরিকল্পনা	
প্রকল্পসমূহ	চলমান প্রকল্পসমূহ, সমাপ্ত প্রকল্পসমূহ	

ষষ্ঠ প্যানেল

দপ্তর প্রধানের তথ্য	উপস্থাপনের পদ্ধতি
দপ্তর প্রধান	ছবি, নাম, বিস্তারিত তথ্য

সপ্তম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন দপ্তরসমূহের চাহিদার ভিত্তিতে তৈরিকৃত মডিউলসমূহ		

অষ্টম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
অভিযোগ প্রতিকার	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক	বিস্তারিত তথ্য
উদ্ভাবনী কার্যক্রম		
সরকারি কর্মসম্পাদন ও পরিবীক্ষণ পদ্ধতি		
তথ্য অধিকার		

নবম প্যানেল

গ্যালারি	উপস্থাপনের পদ্ধতি
ফটো গ্যালারি/ভিডিও গ্যালারি	ট্যাব

দশম প্যানেল

হটলাইন	উপস্থাপনের পদ্ধতি
সরকারি জরুরি হটলাইন	হটলাইনের নাম ও নম্বর

একাদশ প্যানেল

আপনার মতামত	উপস্থাপনের পদ্ধতি
মতামত	ডিজিটাল মাধ্যমে

(জ) জেলা পর্যায়ের সরকারি অফিসের কনটেন্ট কাঠামো

দ্বিতীয় প্যানেল

মেনু	প্রথম লেভেল	দ্বিতীয় লেভেল
আমাদের সম্পর্কে About us	দপ্তর প্রধান Head of the Office	বার্তা
		প্রোফাইল
		সাধারণ দায়িত্বাবলি
		পূর্বতন দপ্তর প্রধানগণ
	...এর কার্যালয় Office of the...	...কার্যালয়ের পটভূমি
		সাংগঠনিক কাঠামো
	কর্মকর্তা ও কর্মচারী Officer & Staffs	কর্মকর্তাবৃন্দ
		কর্মচারীবৃন্দ
		তথ্য প্রদানকারী কর্মকর্তা ইত্যাদি
		উপজেলা অফিসের কর্মকর্তাগণ
	শাখা-সম্পর্কিত About Section	শাখাসমূহ ও কার্যাবলি
		শাখাভিত্তিক নাগরিক সেবার ফর্মসমূহ
		গার্ড ফাইল

মেনু	সাব-মেনু
সেবাসমূহ - Services	সেবা প্রদান প্রতিশ্রুতি - Citizen Charter
	অভ্যন্তরীণ ই-সেবাসমূহ - In-House e-Services
কমিটিসমূহ - Committees	বিভিন্ন কমিটি - Different Committees
অধীন দপ্তর - Affiliated Offices	দপ্তরের লিংক - Link of Department
যোগাযোগ - Contact	অফিসের ঠিকানা - Office Address

তৃতীয় প্যানেল

খবর/নোটিশ ইত্যাদি	উপস্থাপনের পদ্ধতি
খবর	স্ক্রল
নোটিশ/অফিস আদেশ/বদলি/প্রজ্ঞাপন/দরপত্র/নিয়োগ বিজ্ঞপ্তি	ট্যাব

চতুর্থ প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
নাগরিক সেবা - Citizen Service	সেবার নাম	বিস্তারিত তথ্য

পঞ্চম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
বিষয়ভিত্তিক তথ্য	বিষয়ের নাম	বিস্তারিত তথ্য
নীতিমালা ও প্রকাশনা	নীতিমালা, আইন ও বিধি, প্রকাশনা	
বার্ষিক প্রতিবেদন	প্রতিবেদনের নাম	
বাজেট	বার্ষিক ক্রয় পরিকল্পনা	
প্রকল্পসমূহ	চলমান প্রকল্পসমূহ, সমাপ্ত প্রকল্পসমূহ	

ষষ্ঠ প্যানেল

দপ্তর প্রধানের তথ্য	উপস্থাপনের পদ্ধতি
দপ্তর প্রধান	ছবি, নাম, বিস্তারিত তথ্য

সপ্তম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন দপ্তরসমূহের চাহিদার ভিত্তিতে তৈরিকৃত মডিউলসমূহ		

অষ্টম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
অভিযোগ প্রতিকার	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক	বিস্তারিত তথ্য
উদ্ভাবনী কার্যক্রম		
সরকারি কর্মসম্পাদন ও পরিবীক্ষণ পদ্ধতি		
তথ্য অধিকার		

নবম প্যানেল

গ্যালারি	উপস্থাপনের পদ্ধতি
ফটো গ্যালারি/ভিডিও গ্যালারি	ট্যাব

দশম প্যানেল

হটলাইন	উপস্থাপনের পদ্ধতি
সরকারি জরুরি হটলাইন	হটলাইনের নাম ও নম্বর

একাদশ প্যানেল

আপনার মতামত	উপস্থাপনের পদ্ধতি
মতামত	ডিজিটাল মাধ্যমে

(ঝ) উপজেলা পর্যায়ের সরকারি অফিসের কনটেন্ট কাঠামো

দ্বিতীয় প্যানেল

মেনু	প্রথম লেভেল	দ্বিতীয় লেভেল
আমাদের সম্পর্কে About us	দপ্তর প্রধান Head of the Office	বার্তা
		প্রোফাইল
		সাধারণ দায়িত্বাবলি
		পূর্বতন দপ্তর প্রধানগণ
	...এর কার্যালয় Office of the ---	...কার্যালয়ের পটভূমি
		সাংগঠনিক কাঠামো
	কর্মকর্তা ও কর্মচারী Officer & Staffs	কর্মকর্তাবৃন্দ
		কর্মচারীবৃন্দ
		তথ্য প্রদানকারী কর্মকর্তা ইত্যাদি
		ইউনিয়ন অফিসের কর্মকর্তাগণ (যদি থাকে)
	শাখা-সম্পর্কিত About Section	দপ্তরের কার্যাবলি
		নাগরিক সেবার ফর্মসসমূহ
		গার্ড ফাইল

মেনু	সাব-মেনু
সেবাসমূহ - Services	সেবা প্রদান প্রতিশ্রুতি—Citizen Charter
	অভ্যন্তরীণ ই-সেবাসমূহ—In-House e-Services
কমিটিসমূহ - Committees	বিভিন্ন কমিটি—Different Committees
যোগাযোগ - Contact	অফিসের ঠিকানা—Office Address (গুগল ম্যাপসহ)

তৃতীয় প্যানেল

খবর/নোটিশ ইত্যাদি	উপস্থাপনের পদ্ধতি
খবর	স্ক্রল
নোটিশ/অফিস আদেশ/বদলি/প্রজ্ঞাপন/দরপত্র/নিয়োগ বিজ্ঞপ্তি	ট্যাব

চতুর্থ প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
নাগরিক সেবা - Citizen Service	সেবার নাম	বিস্তারিত তথ্য

পঞ্চম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
বিষয়ভিত্তিক তথ্য	বিষয়ের নাম	বিস্তারিত তথ্য
নীতিমালা ও প্রকাশনা	নীতিমালা, আইন ও বিধি, প্রকাশনা	
বার্ষিক প্রতিবেদন	প্রতিবেদনের নাম	
বাজেট	বার্ষিক ক্রয় পরিকল্পনা	
প্রকল্পসমূহ	চলমান প্রকল্পসমূহ, সমাপ্ত প্রকল্পসমূহ	

ষষ্ঠ প্যানেল

দপ্তর প্রধানের তথ্য	উপস্থাপনের পদ্ধতি
দপ্তর প্রধান	ছবি, নাম, বিস্তারিত তথ্য

সপ্তম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন দপ্তরসমূহের চাহিদার ভিত্তিতে তৈরিকৃত মডিউলসমূহ		

অষ্টম প্যানেল

কনটেন্ট	সাব-কনটেন্ট	বিস্তারিত
অভিযোগ প্রতিকার	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক	বিস্তারিত তথ্য
উদ্ভাবনী কার্যক্রম		
সরকারি কর্মসম্পাদন ও পরিবীক্ষণ পদ্ধতি		
তথ্য অধিকার		

নবম প্যানেল

গ্যালারি	উপস্থাপনের পদ্ধতি
ফটো গ্যালারি/ভিডিও গ্যালারি	ট্যাব

দশম প্যানেল

হটলাইন	উপস্থাপনের পদ্ধতি
সরকারি জরুরি হটলাইন	হটলাইনের নাম ও নম্বর

একাদশ প্যানেল

আপনার মতামত	উপস্থাপনের পদ্ধতি
মতামত	ডিজিটাল মাধ্যমে